কে
১
২

বড়মাপের প্রত্যাশা

আপনার সন্তানের ভবিষ্যতের জন্য সহযোগী হওয়া

৩

৪
৫
৬
৭
৮

Department of Education

Joel I. Klein, Chancellor

বড়মাপের স্কুলগুলো বড়মাপের প্রত্যাশা নিয়ে শুরু করে

প্রতিটি গ্রেডে প্রতিটি শিক্ষার্থীর কী জানা উচিত এবং কী করতে সমর্থ হতে হবে, শিক্ষার মান তার মুলসূত্র বর্ণনা করে। সব ছেলেমেয়ে পরের গ্রেডে উত্তীর্ণ হওয়ার – এবং, পরবর্তীতে, কলেজে সফলতালাভের, জীবিকা-অর্জনের এবং নিজেদের কম্যুনিটির একজন সৃষ্টিশীল সদস্য হওয়ার জন্য প্রস্তুত রয়েছে, এসব মান এই বিষয়গুলোই নিশ্চিত করে থাকে। ছেলেমেয়েদের উচিত নিজেদের মাঝে লেখাপড়ার প্রতি ভালোবাসা তৈরি করা, যে-ভালোবাসা বর্তমান বিশ্বে, যেখানে গুরত্বপূর্ণ তথ্য দ্রুত পরিবর্তিত হয় ও বৃদ্ধি পায়, তাদের প্রয়োজনে আসবে।

প্রতিযোগিতাপূর্ণ বিশ্ব অর্থনীতিতে কাজ সন্ধান করার এবং দ্রুত পরিবর্তনশীল বিশ্বে কার্যকর হওয়ার জন্য আমাদের ছেলেমেয়েদের অতীতের যেকোন সময়ের চেয়ে বেশি জানতে হবে। যেসব স্নাতক চারবছরের কলেজে ভর্তি হতে চায় এটি তাদের ক্ষেত্রে সত্যি; এটি একইভাবে সত্যি সেসব শিক্ষার্থীর জন্যও যারা হাই স্কুল থেকে বেরিয়েই পেশাজীবন শুরু করতে চায়।

নিউ ইয়র্ক স্টেটের যেসব মানদণ্ড আমরা ব্যবহার করে থাকি সেগুলো আমাদের শিক্ষার্থীদের একটি কঠোর পাঠক্রম প্রদান করে। এর উদ্দেশ্য শিক্ষার্থীদের আধুনিক বিশ্বের চ্যালেঞ্জ মোকাবেলা করা উপযোগী সৃজনশীলতা, সূক্ষ্ম চিন্তাশক্তির দক্ষতা ও সমস্যাসমাধানের সামর্থ্য লাভ নিশ্চিত করা। তবে এসব মান একটি প্রারম্ভিক বিন্দুমাত্র, লক্ষ্য নয়। জ্ঞানের একটি সুদৃঢ় ভিত্তি লাভ করে এবং সেই ভিত্তির উপর প্রতিষ্ঠিত হয়ে আমাদের শিক্ষার্থীরা তাদের শিক্ষার সর্বাধিক সুফল অর্জন করবে।

এখানে আপনারা তৃতীয় গ্রেডের শিক্ষার্থীদের স্কুলবছরের শেষে ভাষা শৈলী, অঙ্ক, সমাজপাঠ, এবং বিজ্ঞানে কী জানা থাকা উচিত এবং কী করতে সমর্থ হতে হবে তার উদাহরণ পাবেন। পরিবার হিসাবে শিক্ষাক্ষেত্রে আপনি বাড়িতে, নিজের এলাকায় এবং আমাদের এই চমৎকার সিটির সর্বত্র কোন ধরনের সহায়তা দিতে পারেন সেকথাও আপনি জানবেন।

এই নির্দেশিকা তৃতীয় গ্রেডে অনুসৃত মাপকাঠির ক্ষুদ্র একটি নমুনামাত্র উপস্থাপিত করে। বাকি আদর্শগুলোর খবর কী? তৃতীয় গ্রেড শুরু করার আগেই তার কী শেখা উচিত ছিল? সে ৩য় গ্রেড বা তার পরে কী শিখবে? এই প্রশ্নগুলোর সবকটির উত্তরই আপনি পাবেন আপনার সন্তানের শিক্ষকের কাছে অথবা আমাদের www.nyc.gov/schools/languages/bengali/academics ওয়েবসাইটে।

অধ্যয়নের সুঅভ্যাস

অধ্যয়নের সুঅভ্যাস গড়ে তোলায় আপনার সন্তানকে সাহায্য করার জন্য:

- ❑ হোমওয়ার্ক করার জন্য বাড়িতে একটি নিরিবিলি জায়গা ঠিক করুন।
- ❑ আপনার সন্তানকে সংগঠিত হতে সাহায্য করুন।
- ❑ হোমওয়ার্কের জন্য একটি নিয়মিত সময়সূচি প্রণয়ন করুন।
- ❑ নিশ্চিত করুন যে আপনার সন্তান শিক্ষকের হোমওয়ার্কের নীতিমালা সম্পর্কে জানে।

অন্যান্য চিন্তা-চেতনার জন্য, দেখুন www.nyc.gov/schools/languages/bengali/academics

প্রতিবন্ধী শিক্ষার্থী:

শিক্ষার্থীর ব্যক্তিক শিক্ষা কর্মসূচি (আইইপি)-তে যদি সুনির্দিষ্টভাবে কোনকিছু উল্লিখিত না থাকে, প্রতিবন্ধী শিক্ষার্থীরা সাধারণ শিক্ষার পাঠক্রমে অংশ নেবে। এই পাঠক্রম ভিন্ন ভিন্ন নির্দেশনা-স্তর ও কাঠামো (যেমন সহযোগিতামূলক দলগত শিক্ষকতার ক্লাস বা স্ব-নিয়ন্ত্রিত বিশেষ শিক্ষার ক্লাস) অনুযায়ী অভিযোজিত করা যেতে পারে। মান পূরণে প্রতিবন্ধী শিক্ষার্থীদের সহায়তাদানে অভিযোজনার মধ্যে থাকতে পারে নির্দেশনা সহায়তা যেমন ক্যালকুলেটর ও ভিজ্যুয়াল এইডস, নতুন দক্ষতা শেখার জন্য বাড়তি সময় দেয়া, এবং অর্পিত দায়িত্বের দৈর্ঘ্য হ্রাস।

আপনার সন্তানের শিক্ষককে জিজ্ঞাসা করুন

আপনার সন্তান স্কুলে কী শিখছে এবং আপনি বাড়িতে কীভাবে এই শিক্ষাকে সহায়তা করতে পারেন, শিক্ষার মান আপনাকে সে সম্পর্কে শিক্ষকদের সাথে কথা বলার বিরাট সুযোগ এনে দেয়। আপনি যেসব প্রশ্ন করতে পারেন তার কিছু নমুনা এখানে দেয়া হল।

মান সম্পর্কে আরও জানার জন্য:

- ❑ শিক্ষার্থীর এমন কিছু কাজের নমুনা আপনি কি আমাকে দেখাতে পারেন যেগুলো এই মান পূরণ করেছে?
- ❑ এই মান সম্পর্কিত আমার সন্তানের কিছু কাজ কি আমি দেখতে পারি?
- ❑ স্কুলবছরের কোন সময়ে আমার সন্তান এই মান অর্জনের লক্ষ্যে কাজ করবে?
- ❑ আমার সন্তানকে এই মান পূরণে বা অতিক্রমে সাহায্য করার জন্য আপনারা স্কুলে কী কী কার্যক্রম বা উপকরণ ব্যবহার করছেন? কী কী ক্লাসওয়ার্ক এবং হোমওয়ার্ক দেবেন বলে আপনি আশা করেন?
- ❑ আমার সন্তানকে মান অর্জনে সাহায্য করার জন্য কী কী অনুশীলন আছে যা আমি আমার সন্তানের সঙ্গে করতে পারি?
- ❑ এই নির্দেশিকায় বর্ণিত মানের বাইরে এই বছর আমার সন্তান আরও কী শিখবে বলে প্রত্যাশা করা হয়?

আপনার সন্তান স্কুলে কেমন করছে তা জানার জন্য:

- ❑ আমার সন্তান কোন্ কোন্ বিষয়ে গ্রেড স্তরে কাজ করছে? সে উন্নতি করতে পারে এমন ক্ষেত্র আছে কি?
- ❑ আমার সন্তান কি গ্রেড স্তরে পড়ছে? আমার সন্তান পড়তে পারে এমন কিছু বই কি আপনি আমাকে দেখাতে পারেন?
- ❑ প্রতিদিন প্রতিটি বিষয়ে আমার সন্তান কতটুকু সময় ব্যয় করে?
- ❑ এই বিষয়গুলোতে আমার সন্তানকে বর্ষব্যাপী আপনি কীভাবে মূল্যায়ন করেন?

আপনার সন্তানকে কীভাবে সহায়তা দিতে হয় তা জানার জন্য:

- ❑ আমার সন্তান কেমন করছে, তা হালনাগাদ জানার জন্য প্রতিবেদনপত্র ব্যতীত আর কী কী সেরা পথ রয়েছে?
- ❑ আপনার সন্তান যদি গ্রেডস্তর অর্জন না করে থাকে: আমার সন্তানের জন্য স্কুল কী ধরনের সহায়তা দিতে সমর্থ? আমার সন্তান যেন স্কুলে আরও ভালো করে তার জন্য সহায়তা দিতে বাড়িতে আমি কী করতে পারি?
- ❑ আপনার সন্তান যদি গ্রেডস্তর বা তার চেয়ে উপরে অবস্থান করে: আমার সন্তানের জন্য আপনি কী ধরনের অতিরিক্ত মানোন্নয়ন এবং সহায়তার পরামর্শ দেন? বাড়িতে আমি কীভাবে সহায়তা করতে পারি?

৩

ভাষা শৈলী

স্কুলবছরের শেষে, সকল শিক্ষার্থী সমর্থ হবে:

- কমপক্ষে দুইটি তথ্যের উৎস ব্যবহার করে একটি পরিচ্ছন্ন, সু-সংগঠিত প্রতিবেদন লিখতে পারবে।
- কল্পকাহিনি ও মননশীল তথ্যমূলক লেখার মূল ভাব ও যুক্তি সমর্থনকারী অনুষঙ্গ শনাক্ত করতে পারবে।
- দুইটি ভিন্ন উৎস হতে প্রাপ্ত একই বিষয়ের উপর তথ্য তুলনা বৈপরীত্য নির্দেশ করবে।
- উপাত্ত, তথ্য এবং ধারণা লিপিবদ্ধ করার জন্য টুকে রাখবে।
- চরিত্র, পট, পারিপার্শ্বিকতা, এবং সংলাপ সমবায়ে মৌলিক গল্প সৃষ্টি করবে।
- উচ্চারণ করে পড়া বই থেকে শোনা তথ্য এবং ধারণা স্মৃতি থেকে সংগঠিত এবং লিপিবদ্ধ করার জন্য নোট নেবে এবং গ্রাফিক অর্গানাইজার ব্যবহার করবে।
- ধ্বনিতত্ত্ব এবং শব্দ কাঠামো (যেমন, শব্দমূল, ক্রিয়াসমাপ্তি, বহুবচন এবং সংক্ষিপ্তায়ন) ব্যবহার করে গ্রেড-স্তরের জন্য প্রযোজ্য শব্দের অর্থ বের করে নেবে।
- বই পড়ে এবং অভিধান এবং সমার্থ শব্দকোষ ব্যবহার করে নতুন শব্দ শিখবে।
- লিখিত কাজের বানান এবং প্রচলিত বড়-হাতের অক্ষর (কাপিটালইজেশন) এবং যতি চিহ্ন সম্পর্কিত সম্পাদনার কাজ নিজে নিজেই করবে।
- লিখিত নির্দেশনা পড়তে পারবে এবং বুঝবে।

বাড়িতে শেখা

পরিবারগুলোর মাতৃভাষায় এবং এমনকি ইংরেজিতেও, পরবর্তী এই কৌশলগুলো নেয়া যেতে পারে।

আপনার সন্তানকে একটি বই, চলচ্চিত্র, সঙ্গীত কর্মের অথবা নিউ ইয়র্ক পাবলিক লাইব্রেরির "On-Lion" for Kids, kids.nypl.org/reviews/. ওয়েব সাইটের উপর একটি পর্যালোচনা লিখতে আমন্ত্রণ জানান।

আপনার সন্তান যা অধ্যয়ন করছে সে-সম্পর্কিত অন্যান্য বই এবং একটি অভিধান দিয়ে একটি পারিবারিক রেফারেন্স লাইব্রেরি শুরু করুন। সঠিক বানান এং সংজ্ঞা বের করার জন্য রেফারেন্স সামগ্রী ব্যবহার করার অভ্যাস গড়তে আপনার সন্তানকে উৎসাহিত করুন। অনলাইন রেফারেন্স অন্তর্ভুক্ত করুন, যেমন একটি অভিধানের সাইট যেমন www.m-w.com.

ছোট ভাইবোনদের অথবা প্রতিবেশীদেরকে পড়ে শোনানোর জন্য আপনার সন্তানকে একটি মৌলিক গল্প বা কবিতা লিখতে বলুন অথবা আপনার বড় সন্তানকে একটি নাটিকা লিখতে এবং পরিচালনা করতে বলুন, যেটিতে ছোট ছেলেমেয়েরা অভিনয় করবে।

প্রতিদিন ব্যক্তিগতভাবে পড়ার জন্য সময় আলাদা করে রাখুন। টেলিভিশন, কম্পিউটার, গেমস, ফোন, এবং অন্যান্য মনোযোগ-বিতারক জিনিস বন্ধ করে দিন এবং সবাইকে নীরবে পড়তে দিন-নিজে নিজেই অথবা একে অপরকে পড়ে শোনাতে।

অঙ্ক

বাড়িতে লেখা

যে সকল জিনিসের জন্য আপনি নগদ পরিশোধ করেন, সেগুলির জন্য ডলার এবং মুদ্রা গোনার জন্য সন্তানকে বলুন, যেমন খবরের কাগজের স্ট্যান্ড থেকে ম্যাগাজিন, অথবা চলচ্চিত্রের টিকেট।

আপনার বাড়িতে সময় দেখায়, এমন সকল উপকরণ খুঁজে বের করতে আপনার সন্তানকে বলুন। চুলার উপর অথবা মাইক্রোওয়েভ, কেব্‌ল ব্রক্স, ডিভিডি প্লেয়ার, কম্পিউটার, আইপড, সেলফোনের ঘড়ি খুঁজে দেখুন এবং হাতঘড়ি দেখুন। একসঙ্গে সেগুলি রিসেট করুন যাতে, একই সময় দেখায়।

কুইন্সের নিউ ইয়র্ক হল অব সায়েন্সে-এ ইন্টারঅ্যাকটিভ নমুনা, ম্যাথামেটিকা: এ ওয়ার্ল্ড অব নাম্বারস্ আপনার সন্তানকে নিয়ে দেখতে যান www.nyscience.org

সময়ের সাথে আপনার সন্তানের বিকাশ লিপিবদ্ধ করার জন্য তার ওজন এবং মাপ নিন।

ধাঁধা করার জন্য সুযোগ দিন।

স্কুলবছরের শেষে, সকল শিক্ষার্থী সমর্থ হবে:

- ১০০০ পর্যন্ত গুনবে, ২৫ এর গুণিতকে (২৫, ৫০, ৭৫.....); ৫০ এর গুণিতকে (৫০, ১০০, ১৫০...); এবং ১০০-এর গুণিতকে (১০০, ২০০, ৩০০...) ।
- একক সংখ্যা অনর্গলভাবে পূরণ করতে পারবে। যেমন, কোন প্রকার গণনার দরকার ছাড়াই বা সংখ্যার গোষ্ঠীগত যোগ ছাড়াই এ ধরনের সমস্যা সমাধান করবে, ৩ x ৪ = ১২ এবং ৬ x ৯ = ৫৪
- একক সংখ্যা সহজেই ভাগ করবে। যেমন, কোন প্রকার গণনা বা বিয়োগ করা ছাড়াই, ৪৫ ÷ ৫ = ৯, এর মত সমস্যা সমাধান করতে পারবে।
- জোড় এবং বিজোড় সংখ্যা চিহ্নিত করবে, যখন জোড় বা বিজোড় সংখ্যা যোগ এবং বিয়োগ করা হয় তখন কী ঘটে তা জানবে। উদাহরণ স্বরূপ, দুইটি বিজোড় সংখ্যা যোগ করলে ফলে একটি জোড় সংখ্যা হয়, এবং একটি জোড় সংখ্যা থেকে বিজোড় সংখ্যা বিয়োগ করলে ফলে বিজোড় সংখ্যা হয়।
- ভগ্নাংশ হচ্ছে একটি গোষ্ঠী বা পুরো এককের সমান সমান অংশ; উদাহরণত, ১/৪ হচ্ছে চারটি সমান ভাগের এক ভাগ, একথা বুঝবে।
- ভগ্নাংশের তুলনা করবে, যেমন ১/২, ১/৩, এবং ১/৪, এবং সংখ্যা রেখায় তাদের আনুমানিক অবস্থান বের করবে।
- জ্যামিতিক আকৃতি নিয়ে কথা বলার সময় সঠিক শব্দ ব্যবহার করবে, যেমন, বৃত্ত, ত্রিভুজ, বর্গ, গোলক, ঘনক বা ট্রাপিজয়েড।
- আধা ইঞ্চি পরিমাণ সূক্ষ্মতার সাথে ইঞ্চি, ফুট, গজ, বা অন্যান্য মানের একক মাপার জন্য রুলার বা গজফিতা ব্যবহার করবে।
- ডিজিটাল এবং প্রথাগত এনালগ ঘড়ি ব্যবহার করে সবচেয়ে কাছের মিনিটে সময় বলবে।
- মুদ্রা এবং ডলার গুনবে। পরিমাণ বোঝানোর জন্য সঠিক মুদ্রার সংকেত ব্যবহার করবে, যেমন ৳২.৩৬।

বিজ্ঞান

তৃতীয় গ্রেডে বিজ্ঞানে পদার্থ, শক্তি, সরল যন্ত্র, এবং উদ্ভিদ ও পশুপাখির অভিযোজনের বিষয়গুলো অন্বেষণ করবে।

স্কুলবছরের শেষে, সকল শিক্ষার্থী সমর্থ হবে:

- বিভিন্ন ধরনের পদার্থের ভৌত ধর্মাবলি বর্ণনা ও তুলনা করবে। উদাহরণস্বরূপ, আকার,আকৃতি, ভর বা ওজন, আয়তন, নমনীয়তা, রং, বিন্যাস, কাঠিন্য এবং গন্ধ বিবেচনা করবে।
- শক্তির বিভিন্ন রূপ, পর্যবেক্ষণ, চিহ্নিত এবং বর্ণনা করবে, যেমন শব্দ, তাপ, এবং রাসায়নিক শক্তি।
- কীভাবে মানুষ শক্তিকে একটি রূপ থেকে অন্য রূপে রূপান্তরিত করে এবং কীভাবে তারা এই রূপান্তরের ব্যবহার করে তা বর্ণনা করবে। উদাহরণত, মানুষ কীভাবে তাপ শক্তিকে আলোয় রূপান্তর করে তাদের ঘরের বাতিতে ব্যবহার করে, অথবা বৈদ্যুতিক শক্তিকে কীভাবে রেডিও ব্যবহার করে শব্দ শক্তিতে রূপান্তর করে তা বর্ণনা করবে।
- তাপ কীভাবে পরিবাহিত হয় তা পর্যবেক্ষণ এবং বর্ণনা করবে। তাপ এক জায়গা থেকে অপর জায়গায় কীভাবে স্থানান্তরিত হয়, তার বর্ণনা দেবে। যেমন, উষ্ণ বাতাস প্রবাহিত করে অথবা একটি ঠাণ্ডা বস্তুর পাশে একটি উষ্ণ বস্তু রেখে।
- কীভাবে বল প্রয়োগ করে, হয় প্রত্যক্ষভাবে, অথবা সরল যন্ত্রের মাধ্যমে, গতির পরিবর্তন ঘটানো যেতে পারে, পর্যবেক্ষণ এবং বর্ণনা করবে। যেমন 'লিভার' বা 'পুলি'।
- ঘর্ষণ কীভাবে বস্তুর গতিকে প্রভাবিত করে; যেমন, ঘর্ষণ বেড়ে গেলে একটি বস্তুর গতি আরও ধীর হয় অথবা বস্তু দিক পরিবর্তন করে তা পর্যবেক্ষণ ও বর্ণনা করবে।
- কীভাবে ঠেলা বা টানা একটি বস্তুর অবস্থান বা সেটির চলার দিকের পরিবর্তন ঘটাতে পারে পর্যবেক্ষণ এবং বর্ণনা করবে।
- কীভাবে সকল সজীব জিনিস বিকশিত হয়, পুষ্টি গ্রহণ করে, শ্বাসপ্রশ্বাস নেয়, প্রজনন করে এবং বর্জ্য অপসারণ করে।
- উদ্ভিদ ও প্রাণিকুলকে বেঁচে থাকার জন্য কীভাবে পরিবেশের সাথে খাপ খাওয়াতে হয় তা বর্ণনা করবে। যেমন, যেসব অঞ্চলের শীত অপেক্ষাকৃত বেশি ঠাণ্ডা হয় সেখানে কোন কোন পশুর লোম ভারি হয় তা বর্ণনা করবে।
- বস্তু এবং ঘটনা সম্পর্কে তথ্য সংগ্রহ, গোছ-গাছ এবং ব্যাখ্যা করবে।

বাড়িতে শেখা

একসাথে আপনার বাড়ির কাছের পার্ক এবং খেলার মাঠ ঘুরে দেখুন। বিভিন্ন জায়গা পরীক্ষা করুন এবং কোন জায়গাটির ঘর্ষণ বেশি বা কম, তা পরীক্ষা করে দেখুন। ঘর্ষণ কীভাবে বিভিন্ন খেলাকে প্রভাবিত করে যেমন, হকি বা গল্ফ?

ব্যক্তিগতভাবে পড়া এবং অধ্যয়নের জন্য বাড়িতে একটি নিরিবিলি এলাকা সৃষ্টিতে আপনার সন্তানকে সহায়তা করুন। ইন্টারনেট ব্যবহার করে খুঁজে দেখুন কোন্ কোন্ বস্তু এবং বস্তুর পিঠ শব্দ তরঙ্গ শুষে নিয়ে শব্দ কমায়।

আপনার বাড়িতে তাপ এক জিনিস বা স্থান থেকে আরেক জিনিস বা স্থানে যেসব পন্থায় স্থানান্তরিত হয় তা খুঁজে বের করতে আপনার ছেলেমেয়েদের উদ্বুদ্ধ করুন। পরামর্শ: তাদেরকে হাতে একটি বরফের টুকরো ধরে রাখতে দিন।

আপনার সন্তানকে নিয়ে ব্রংক্সে নিউ ইয়র্কের বোটানিক্যাল গার্ডেন-এর এভারেট চিলড্রেনস অ্যাডভেঞ্চার গার্ডেন পরিদর্শন করুন (প্রবেশমূল্য লাগে, www.nybg.org) অথবা নিউ ইয়র্কের একটি সিটি পার্কে বা খেলার মাঠে গাছপালা পর্যবেক্ষণ করুন। নিউ ইয়র্কে কী ধরনের গাছপালা সবচেয়ে ভালো ভাবে বেঁচে থাকে তা অনুসন্ধান করে দেখুন।

বাড়িতে শেখা

আপনি যে-সড়কে বাস করেন আপনার সন্তানকে সাথে নিয়ে দেখুন সেখানে কতটি দেশ ও সংস্কৃতির মানুষ বসবাস করেন। যেমন, গ্রিক রেস্টুরেন্ট, ক্রেওল, স্প্যানিশ বা রাশিয়ান ভাষায় সংবাদপত্র, ভারত থেকে একজন আইনজীবী বা ডাক্তার খুঁজে বের করুন। কীভাবে এই পরিবারগুলো নিউ ইয়র্কে এসে থাকতে পারে, তা নিয়ে কথা বলুন।

আপনার সন্তানকে নিয়ে মিডটাউনে, জাতিসংঘের সদর দপ্তর পরিদর্শন করুন (আনুষ্ঠানিক সফরের জন্য অর্থ প্রদান করতে হয়, ভিজিটরস্ লবির প্রদর্শনী বিনামূল্যে)। ছেলেমেদের জন্য জাতি সংঘের ওয়েব সাইট সাইবারস্কুলবাস www.un.org/Pubs/CyberSchoolBus, সংস্থাটি সম্পর্কে ইন্টারঅ্যাকটিভ তথ্য দেয়, উপরন্ত তরুণ তরণীদের জন্য জাতিসংঘ কম্যুনিটিতে অংশগ্রহণ করার জন্য গেমস্ এবং অন্যান্য সুবিধা দেয়।

একটি ছুটির দিন উদযাপনের প্রস্তুতির জন্য আপনার সন্তানকে আমন্ত্রণ জানান। যেমন, পারিবারিক সাজসজ্জা বা প্রথাগত খাবার রান্না করা।

মিশ্রিত গোষ্ঠীগুলোয় অঙ্গীকার বা শপথনামা কীভাবে সদস্যদের একটি অভিন্ন মূল্যবোধ গ্রহণে সহায়তা করে থাকে তা আলোচনা করুন; যেমন জাতি, ক্লাব, উদাহরণতস্বরূপ বয়স্কাউট এবং গার্লস্কাউট; ও ধর্মীয় সম্প্রদায়। আপনার সন্তানকে একটি পারিবারিক অঙ্গীকারনামা লিখতে বলুন এবং তা নিয়ে একসাথে কথা বলুন।



সমাজপাঠ

তৃতীয় গ্রেডে সমাজপাঠে, শিক্ষার্থীরা পুরো বিশ্বব্যপী কম্যুনিটির ধারণা সম্পর্কে জানবে।

স্কুলবছরের শেষে, সকল শিক্ষার্থী সমর্থ হবে:

- কম্যুনিটি বা সমাজ বিশ্বের বিভিন্ন জাতি ও সংস্কৃতির বৈচিত্র্যের প্রতিফলন ঘটায়।
- ম্যাপে বা গ্লোবে পৃথিবীর বিভিন্ন মহাদেশ ও মহাসাগর খুঁজে বের করবে।
- "সংস্কৃতির"-র অর্থ কী এবং কীভাবে বিশ্ব সমাজ তাদের সংস্কৃতির প্রতিফলন ঘটায় তা ব্যাখ্যা করবে।
- বিশ্বের যেসব জনবসতি সম্পর্কে অধ্যয়ন করেছে সেগুলোর সংস্কৃতি, সরকার ,ইতিহাস, এবং ভূগোলের সাদৃশ্য ও বৈপরীত্য নির্দেশ করবে।
- গুরুত্বপূর্ণ ব্যক্তিবর্গ ও ঘটনাসমূহ কীভাবে সারা বিশ্বে সমাজ পরিবর্তন করে থাকে তা অনুধাবন করবে।
- সমকালীন ঘটনা সম্পর্কে নিজস্ব মতামত গড়বে এবং ব্যাখ্যা করবে।
- ভৌগলিক অবস্থান কীভাবে বিশ্বের একটি মানবগোষ্ঠীকে প্রভাবিত করতে পারে তার বর্ণনা দেবে। যেমন, অন্যান্য দেশ থেকে বহুদূরের এক মহাদেশে বসবাস কীভাবে অস্ট্রেলিয়ার অধিবাসীদের জীবনে প্রভাব সৃষ্টি করে।
- কীভাবে মানুষ তাদের প্রাকৃতিক সম্পদের উন্নয়ন করে, তা অন্বেষণ করবে। যেমন, তারা জনগণের চাহিদা মেটানোর জন্য কীভাবে কৃষিজমি, বন, পানি সরবরাহের ব্যবহার করে।
- বিশ্বের কম্যুনিটির জনগণ নিয়ম ও আইন প্রণয়নের জন্য সরকার গঠন করে এটা বুঝবে।
- ভিন্ন ভিন্ন বিশ্ব কম্যুনিটিতে তাদের নিজস্ব অধিকার, দায়িত্ব এবং নিয়ম আছে, একথঅ জানবে ও বুঝবে।

আরও অপরিহার্য জ্ঞান এবং দক্ষতা

আমাদের তৃতীয় গ্রেডের শিক্ষার্থীরা পড়া, লেখা, অঙ্ক করা এবং বিজ্ঞানের ও সমাজপাঠের মূল ধারণাগুলো বুঝতে পারার বাইরেও আরও অনেক বেশি শিখছে।

- ***শিল্পকলা:*** তৃতীয় গ্রেডের শিক্ষার্থীরা দৃশ্যকলা, নৃত্য, সঙ্গীত, এবং থিয়েটারে অংশগ্রহণ করে। তারা সঙ্গীতের নোটেশন পড়ে, এবং 'পিচড' যন্ত্র ব্যবহার করে যেমন রেকর্ডার বা গানের বাঁশি; অনেক সামগ্রী দিয়ে দ্বিমাত্রিক এবং ত্রিমাত্রিক শিল্পকলা নির্মাণ করে, মৌলিক নৃত্যের রূপ ব্যবহার করে নৃত্য রচনা করে; সহজ নাটিকা নির্মাণ অনুষ্ঠান করে, এবং স্বাধীনভাবে, ছোট ছোট দলে কাজ করে। আরও বিশদ জানতে দেখুন: www.nyc.gov/schools/languages/bengali/academics.
- ***শারীরিক পটুতা এবং স্বাস্থ্য:*** দৈহিকভাবে কর্মঠ থাকা, স্বাস্থ্যকর জীবনধারা গড়ে তোলার এবং বিভিন্ন ধরনের প্রথাগত ও অপ্রথাগত শারীরিক পটুতা বিষয়ক কার্যক্রমের জন্য শিক্ষার্থীরা সুযোগ লাভ করে। আরও বিশদ জানতে দেখুন: www.nyc.gov/schools/languages/bengali/academics.
- ***লাইব্রেরি ও গবেষণা:*** বছরের শেষের মধ্যে, তৃতীয় গ্রেডের শিক্ষার্থীরা লাইব্রেরি গোছানোর ডিউই ব্যবস্থা বুঝতে এবং গবেষণা ও ব্যক্তিগত আগ্রহের বই খুঁজে নিতে পারবে। তারা গবেষণা প্রকল্প শুরু করার জন্য ভালো প্রশ্ন জিজ্ঞাসা করতে পারে; সহায়তা সহকারে অনলাইন ক্যাটালগ খুঁজতে পারে; নির্ধারিত ওয়েবসাইট থেকে তথ্য বের করবে, তাদের গবেষণার প্রশ্নের উত্তর খুঁজে নিতে পারবে এবং সূচনা, মধ্যভাগ এবং পরিসমাপ্তিসহ একটি গবেষণার পত্র প্রণয়ন করতে পারবে। আরও বিশদ জানতে দেখুন www.nyc.gov/schools/languages/bengali/academics.
- ***প্রযুক্তি:*** কীভাবে সহপাঠীদের সাথে তথ্য এবং ধারণা আদানপ্রদান করার জন্য একটি উপস্থাপনার পরিকল্পনা, বিন্যাস, নির্মাণ এবং সমন্বয় করতে হয়, শিক্ষার্থীরা তা শিখবে। কেমন করে টেলিযোগাযোগ উপকরণ নিরাপদ ও সুরক্ষিতভাবে ব্যবহার করে ই-মেইল পড়তে, পাঠাতে বা পোস্ট করতে হয়, শিক্ষার্থীরা তা শিখবে। শিক্ষার্থীরা সহায়তা ছাড়াই, কেমন করে সাধারণ ডেটাবেজ ব্যবহার করে তাদের কাজের বিষয়ের উপর তথ্য চিহ্নিত, সাজানো এবং ব্যবহার করতে হয় তা জানবে (যেমন লাইব্রেরি ক্যাটালগ, এবং অনলাইন অভিধান এবং এনসাইক্লোপিডিয়া)। আরও বিশদ জানতে দেখুন: www.nyc.gov/schools/languages/bengali/academics.

আরও জানুন

এই নির্দেশিকা আপনার সন্তান এই বছর যেসব আদর্শ মান শিখবে সেগুলো সম্পর্কে একটি সাধারণ ধারণা দেয় মাত্র। আপনি কে থেকে ৮ সকল গ্রেডের জন্য এই নির্দেশিকা এবং সকল বিষয় ও সকল গ্রেডের মান সম্পর্কিত পূর্ণাঙ্গ তথ্য আমাদের www.nyc.gov/schools/languages/bengali/academics ওয়েবসাইটে দেখতে ও ডাউনলোড করতে পারবেন।

আপনার সন্তানের শিক্ষা এবং আপনি কীভাবে বাড়িতে এবং স্কুলে উভয় স্থানেই এতে সহায়তা করতে পারেন সে-ব্যাপারে ডিভিশন অব টিচিং অ্যান্ড লার্নিং ও ফ্যামিলি এনগেজমেন্ট অ্যান্ড অ্যাডভোকেসি অফিস আরও নানা ধরনের পরামর্শ দিয়ে থাকে। আরও তথ্যের জন্য টিচিং অ্যান্ড লার্নিং এর ওয়েবসাইট www.nyc.gov/schools/languages/bengali/academics, এবং ওফিয়া ওয়েবসাইট www.nyc.gov/schools/languages/bengali/ofea দেখুন। আপনি আপনার স্কুলের প্যারেন্ট কোঅর্ডিনেটরকে অথবা ওফিয়াকে (212) 374-2323 নম্বরে ফোন অথবা ofea@schools.nyc.gov. ঠিকানায় ই-মেইলে যোগাযোগ করতে পারেন। এছাড়া, আপনি 311 – এ ফোন করে আপনার সন্তানকে নিয়ে যাওয়ার মত সিটির অন্যান্য সাংস্কৃতিক এবং ঐতিহাসিক সংস্থার সন্ধানও নিতে পারেন।

NYC Department of Education
Joel I. Klein, Chancellor

DIAL 311

T&I-7924 3rd (Bengali)